

নবদ্বীপ পঞ্চায়েত সমিতি  
মহেশগঞ্জ, নদীয়া

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া যাইতেছে যে, নবদ্বীপ পঞ্চায়েত সমিতি নিয়ন্ত্রিত স্বরূপগঞ্জ গ্রাম পঞ্চায়েত এলাকাস্থিত মহেশগঞ্জ অবস্থিত আমবাগানটি আগামী ১/৪/২০১৭ থেকে ৩১/৩/২০১৯ তারিখ পর্যন্ত লিজ হিসাবে আগামী ৩১/৩/২০১৭ তারিখ বেলা ৯:০০ ঘটিকায় সংশ্লিষ্ট বাগান সংলগ্ন ময়দানে বন্দোবস্ত দেওয়া হইবে।

ইচ্ছুক ব্যক্তিগনকে উপরিলিখিত সূচী অনুযায়ী উপস্থিত হইবার জন্য অনুরোধ জানানো যাইতেছে।

আমবাগানের বিশদ বিবরণ :

গাছের সংখ্যা - (আনুমানিক)

বড় গাছ - ৩০ টি

ছোট গাছ - ৬০ টি

অংশগ্রহনকারী ব্যক্তিগনকে নিম্নলিখিত শর্তগুলি মানিয়া লইতে হইবে : -

১. প্রত্যেক অংশগ্রহনকারীকে আমানত হিসাবে ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা জমা দিতে হইবে।
২. কোন অংশগ্রহনকারী সর্বনিম্ন ২৬৫০০.০০ টাকার নীচে একবৎসরের জন্য ডাক দিতে পারিবেন না।
৩. সর্বোচ্চ ডাককারীকে ডাকের দিনই ডাকের সম্পূর্ণ টাকা প্রদান করিতে হইবে।
৪. সর্বোচ্চ ডাককারী ব্যতীত অন্য সকল ডাককারীর আমানতের টাকা ফেরৎ দেওয়া হইবে।
৫. সর্বোচ্চ ডাককারী নির্দিষ্ট সময়ের মধ্যে ডাকের টাকা প্রদান না করিলে তাহার আমানত বাজেয়াপ্ত হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ ডাককারীকে সুযোগ দেওয়া হইবে।
৬. যিনি বাগান লিজ হিসাবে বন্দোবস্ত পাইবেন তিনি বাগানের গাছের কোন ক্ষতি করিলে ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবেন।
৭. চুরি বা অন্য কোন প্রাকৃতিক বিপর্যয়ে ফলের ক্ষতি হইলে কর্তৃপক্ষ দায়ী হইবেন না।
৮. লিজ প্রাপ্ত ব্যক্তি বাগানের ফল ব্যতীত অন্য কিছুর অধিকারী হইবেন না।

সভাপতি

নবদ্বীপ পঞ্চায়েত সমিতি

মহেশগঞ্জ, নদীয়া

পত্রাঙ্ক ২৬৮/ন.প.স.

১-৮) প্রধান..... গ্রাম পঞ্চায়েত, আপনার জ্ঞাতার্থে ও  
বহুলাংশে প্রচারার্থে প্রেরণ করা হইল।

৯-৩০) সকল সদস্য/সদস্যা, নবদ্বীপ পঞ্চায়েত সমিতি, মহেশগঞ্জ, নদীয়া।

৩১) পৌরপতি, নবদ্বীপ পৌরসভা।

*Saath*  
সভাপতি ২৫/৩/১৭

নবদ্বীপ পঞ্চায়েত সমিতি

মহেশগঞ্জ, নদীয়া

নির্বাহী আধিকারিক

নবদ্বীপ পঞ্চায়েত সমিতি

মহেশগঞ্জ, নদীয়া

তারিখ ২৪/৩/১৭

নির্বাহী আধিকারিক

নবদ্বীপ পঞ্চায়েত সমিতি

মহেশগঞ্জ, নদীয়া